

## ১৬৪ শিক্ষার্থী পাচ্ছেন প্রধানমন্ত্রীর স্বর্ণপদক

■ সমকাল প্রতিবেদক  
প্রধানমন্ত্রীর স্বর্ণপদক পাচ্ছেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের ১৬৪ জন শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত অনন্য ফল ও প্রথমস্থান অর্জন করায় তাদের এ পদক দেওয়া হচ্ছে। ভ্রাগামী ৭ জানুয়ারি এই শিক্ষার্থীদের হাতে পদক তুলে দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এ তথা জ্ঞানিয়েছে। ইউজিসির পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয় দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর বিভিন্ন অনুষদের ২০১১ ও ২০১২ সালের প্রথম স্থান অর্জনকারী ১৬৪ জন ছাত্রছাত্রীকে এ পদক প্রদান করা হবে।

ইউজিসির সংশ্লিষ্ট শাখা সূত্রে জানা গেছে ২০১১ সালের ২৪টি বিশ্ববিদ্যালয়ের ৭২ এবং ২০১২ সালে ১৮টি বিশ্ববিদ্যালয়ের ৯২ জনসহ মোট ১৬৪ শিক্ষার্থীকে মনোনীত করা হয়েছে। এসব ছাত্রছাত্রী সর্বাধিক ৯ হাজার ও এককালীন ১৫ হাজার টাকা ছাড়াও স্বর্ণপদক বানানোর খরচ বারদ ৪৫ হাজার টাকা পাবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুরস্কারপ্রাপ্তদের হাতে এ ফ্রেস্ট ও সম্মানীর অর্থ তুলে দেবেন। উচ্চশিক্ষায় শিক্ষার্থীদের যথাবিকাশে উৎসাহিত করতে ২০০৬ সাল থেকে প্রধানমন্ত্রীর স্বর্ণপদক প্রবর্তন করা হয়।